ভোরের কাগজ

২৫/১১/২০০০

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ২ কলাম ৭ ...

# বুয়েটে এসিএম-এর প্রোগ্রামিং প্রতিযোগিতা আজ অনুষ্ঠিত হচ্ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : এসোসিয়েশন ফর কমপিউটিং মেশিনারির (এসিএম) উদ্যোগে আজ বুয়েটে ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেস্ট (আইসিপিসি) ২০০১-এর এশিয়া আঞ্চলিক ঢাকা সাইটের প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই প্রতিযোগিতায় দুটি বিদেশী টিমসহ মোট ৭১টি টিম অংশ নেবে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইএমই ভবনের চতুর্থ ও পঞ্চম তলায় এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার আয়োজক প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) আয়োজিত এক সংবাদ সম্মেলনে গতকাল এ তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, প্রাথমিকভাবে এ প্রতিযোগিতায় ৬টি বিদেশী দল অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করলেও বর্তমান বিশ্ব পরিস্থিতি ও অন্যান্য কারণে ৪টি দল উপস্থিত হতে পারছে না। প্রতিযোগিতায় বাংলাদেশের ৩৪টি প্রতিষ্ঠান থেকে ৬৯টি দল অংশ নিচ্ছে। অংশগ্রহণকারী বিদেশী টিম দুটি হচ্ছে চীনের ঝাংশান বিশ্ববিদ্যালয় এবং ভারতের নেতাজী সুভাষ ইনস্টিটিউট অফ টেকনোলজি।

আজ সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিশ্বের বিভিন্ন অঞ্চলে অনুষ্ঠিত আঞ্চলিক পর্যায়ের অংশগ্রহণকারী আনুমানিক দুই সহস্রাধিক দল থেকে শ্রেষ্ঠ ৬০টি দল এই প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে অংশ নেবে।

চূড়ান্ত প্রতিযোগিতা ২৬তম আইসিপি অনুষ্ঠিত হবে ২০০২ সালে যুক্তরাষ্ট্রের হাওয়াইতে। উক্ত প্রতিযোগিতার ধারাবাহিক অংশ হিসেবে বিশ্বের ২৯টি আঞ্চলিক সাইটে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। ২৯টি আঞ্চলিক সাইটের মধ্যে ৮টি সাইটই এশিয়াতে অবস্থিত।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৭১টি টিম থেকে সেরা টিম নির্বাচনের জন্য দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২১ জন বিশেষজ্ঞ নিয়ে একটি বিচারক প্যানেল গঠন করা হয়েছে। তাদের মধ্যে প্রধান বিচারক ড. মুহম্মদ জাফর ইকবাল।

সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, প্রতিযোগিতায় প্রতিটি টিমকে ৭/৮টি সমস্যা সমাধানের জন্য পাঁচ ঘণ্টা সময় দেওয়া হবে।

কম্পিউটার পেশায় নিয়োজিত বিশ্বের বৃহত্তম সংগঠন এসিএম বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্রছাত্রীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রতি বছর ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেস্ট (আইসিপিসি)-এর আয়োজন করে থাকে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর মোঃ জয়নুল আবেদীন, এসিএম আইসিপিসি এশিয়া আঞ্চলিক প্রতিযোগিতার সাংগঠনিক কমিটির সদস্য ড. মুহম্মদ জাফর ইকবাল, বুয়েটের অধ্যাপক মোঃ কায়কোবাদ প্রমুখ।